

নিয়োগ বিজ্ঞপ্তি

নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি (নেসকো) লিমিটেড-এ প্রচলিত বেতন গ্রেড ও ভাতাদিতে নিম্নে বর্ণিত পদে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য সং, নিবেদিত, উদ্যোগী, ত্যাগী, প্রতিকূল অবস্থা মোকাবেলায় চ্যালেঞ্জ গ্রহণে আগ্রহী, কোম্পানির আইন এবং কোম্পানির চাকরি বিধি অনুযায়ী কাজ করার মানসিকতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত অনলাইন আবেদন ফরম-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রম	পদের নাম ও বেতন স্কেল (নেসকো'র বেতন কাঠামো অনুযায়ী)	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩
১	সহকারী প্রকৌশলী (তড়িৎ) পে গ্রেড-৭ মাসিক মূলবেতন: ৫১,০০০/- ও কোম্পানির বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি।	ক) প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীনে ইলেকট্রিক্যাল/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স-এ স্নাতকধারী হতে হবে। খ) শিক্ষাক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। গ্রেডিং সিস্টেমে উত্তীর্ণদের ক্ষেত্রে কমপক্ষে সিজিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং ৪.০০ স্কেলে ন্যূনতম ২.৫০ থাকতে হবে। গ) অংশগ্রহণমূলক বলিষ্ঠ নেতৃত্ব প্রদানের ক্ষমতা থাকতে হবে। ঘ) বাংলা ও ইংরেজিতে যোগাযোগ করার ক্ষেত্রে লিখিত এবং কথোপকথন পারদর্শিতাসহ কম্পিউটার ব্যবহারে বাস্তব জ্ঞান ও অভিজ্ঞতা আবশ্যিক।
২	উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ) পে গ্রেড-৮ মাসিক মূল বেতন: ৩৯,০০০/- ও কোম্পানির বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি।	ক) প্রার্থীকে কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স-এ ন্যূনতম ডিপ্লোমা ডিগ্রী ধারী হতে হবে। খ) শিক্ষাক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। গ্রেডিং সিস্টেমে উত্তীর্ণদের ক্ষেত্রে কমপক্ষে সিজিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং ৪.০০ স্কেলে ন্যূনতম ২.৫০ থাকতে হবে। গ) অংশগ্রহণমূলক বলিষ্ঠ নেতৃত্ব প্রদানের ক্ষমতা থাকতে হবে। ঘ) বাংলা ও ইংরেজিতে যোগাযোগ করার ক্ষেত্রে লিখিত এবং কথোপকথন পারদর্শিতাসহ কম্পিউটার ব্যবহারে বাস্তব জ্ঞান ও অভিজ্ঞতা আবশ্যিক।

শর্তাবলীঃ

- আগ্রহী প্রার্থীকে “Online Application Form” এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের সময় প্রয়োজনীয় তথ্যসহ প্রার্থীর স্ক্যানকৃত ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে। ৬ অক্টোবর ২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে ২৬ অক্টোবর ২০১৯ খ্রিঃ তারিখ রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। <http://nesco.teletalk.com.bd> ঠিকানায় Online Application Form পাওয়া যাবে।
- প্রত্যেক প্রার্থীকে তার আবেদন নিশ্চিতকরণের জন্য <http://nesco.teletalk.com.bd> ঠিকানায় উল্লিখিত নির্দেশনা অনুসরণ করে যে কোন Teletalk Mobile Connection থেকে এসএমএস (SMS) এর মাধ্যমে সহকারী প্রকৌশলী (তড়িৎ) এর জন্য ১০০০/- টাকা এবং উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ) এর জন্য ৫০০/- টাকা পরিশোধ করতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ এবং সংশ্লিষ্ট মূলসনদ ও কাগজপত্র যাচাই সাপেক্ষে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না।
- কোম্পানির প্রয়োজন বিবেচনায় চূড়ান্ত বাছাইকৃত প্রার্থীদের কোম্পানির বিধি মোতাবেক চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে।
- সরকারি, আধা-সরকারি, সরকারি মালিকানাধীন কোম্পানি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে অনাপত্তি পত্রের স্মারক নং Online Application Form-এ উল্লেখ করতে হবে।
- বর্ণিত পদের ক্ষেত্রে ২৬ অক্টোবর ২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা হবে ৩০ বছর। প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্যদের সর্বোচ্চ বয়স ৩২ বছর। বিভাগীয় প্রার্থীদের বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- অসম্পূর্ণ আবেদনপত্র বা শর্তাবলী যথাযথ ভাবে পালিত না হলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।
- নিয়োগ বিষয়ে যেকোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
- নেসকো কর্তৃপক্ষ কোন ধরনের কারণ দর্শানো ছাড়াই পদ-সংখ্যা বৃদ্ধি/হাস করার এবং নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন বা সম্পূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

অনুমোদনক্রমে



(এবিএম ইমতিয়াজ উদ্দিন আহমেদ)

উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)

নেসকো লিঃ, রাজশাহী।



নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড

Northern Electricity Supply Company Limited

(An Enterprise of Bangladesh Power Development Board)

প্রধান কার্যালয়: বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী-৬০০০



স্মারকনং-২৭.২৯.০০০০.০১১.১১.০২৫.১৯-০০৭

তারিখঃ ১ অক্টোবর ২০১৯ খ্রিঃ

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <http://nesco.teletalk.com.bd> ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন।
আবেদনের সময়সীমা নিম্নরূপ:-

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৬ অক্টোবর ২০১৯ খ্রি: সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৬ অক্টোবর ২০১৯ খ্রি: রাত ১১.৫৯ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রজিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রজিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রজিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ক্রমিক নং-১ পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকা এবং ক্রমিক নং-২ পদের জন্য ৫০০/- (পাঁচ শত) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'।

প্রথম SMS: NESCO<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: NESCO ABCDEF

Reply: Applicant's Name, Tk-1000/- or 500/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NESCO<Space>Yes < Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: NESCO<space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: NESCO YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for NESCO Application for <post name> User ID is (ABCDEF) and password (xxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://nesco.teletalk.com.bd> ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রজিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে NESCO<space>Help<space>User<space>User ID Send to 16222.

Example: NESCO HELP USER ABCDEF & Send to 16222

ii. PIN Number জানা থাকলে: NESCO<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: NESCO HELP PIN 12345678 & Send to 16222

অনুমোদনক্রমে

(এবিএম ইমতিয়াজ উদ্দিন আহমেদ)

উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)

নেসকো লিঃ, রাজশাহী।